ইত্তেফাক

তারিখ ৩৩/২/৮২
পৃষ্ঠা ... কলাম ...

৩২

090

# কে কোন দফতর পাইলেন

প্রেসিডেন্ট স্বয়ং নিম্নলিখিত দফতরগুলির দায়িত্বে থাকিবেন ঃ প্রেসিডেন্টের সচিবালয়, মন্ত্রী পরিষদ বিভাগ, সংস্থাপন বিভাগ, বিজ্ঞান ও প্রযুক্তি দফতর, প্রতিরক্ষা, পরিকল্পনা, ভূমি রাজস্ব, ভূমি সংস্কার, সেচ এবং পানি উন্নয়ন ও বন্যানিয়ন্ত্রণ।

ভাইস-প্রেসিডেন্ট ও মন্ত্রীদেরকে নিম্নলিখিত দফতরগুলি প্রদান করা হইয়াছে।

ভাইস প্রেসিডেন্ট জনাব এম এন হুদা—শিল্প ও বাণিজ্য।

প্রধানমন্ত্রী শাহ আজিজুর রহমান—আইন ও সংসদ বিষয়ক স্থানীয় সরকার, পল্লীউন্নয়ন, সমবায় ও ধর্ম বিষয়ক। অধ্যাপক শামসুল হক—পররাষ্ট্র। জনাব আবদুল হালিম চৌধুরী—খাদ্য ও কৃষি। জনাব শামসুল হুদা চৌধুরী রেলওয়ে; সড়ক ও মহা-

( ৮ম পৃঃ ৫-এর কঃ দ্রঃ )

## কে কোন দফতর পাইলেন

( ১ম পৃঃ পর )

সড়ক, বন্দর, জাহাজ ও আভ্যন্তরীণ নৌ চলাচল। ডঃ ফসিউদ্দীন মাহতাব—অর্থ। ডাঃ এম এ মতিন—স্বরাষ্ট্র। খন্দকার আবদুল হামিদ—স্বাস্থ্য, জনসংখ্যা নিয়ন্ত্রণ, শ্রম, জনশক্তি ও সমাজকল্যাণ। জনাব এ কে এম মাইদুল ইসলাম—জ্বালানি, ডাক, তার, টেলিফোন, বেসামরিক বিমান চলাচল ও পর্যটন। অধ্যাপক মোহাম্মদ ইউসুফ আলী—বস্ত্র ও পাট। জনাব তোফাজ্জল হোসেন খান—শিক্ষা, তথ্য, বেতার, ক্রীড়া ও সংস্কৃতি।

প্রতিমন্ত্রী ঃ জনাব আমীরুল ইসলাম কালাম—মৎস্য ও পশু পালন। মিঃ সুনীল কুমার গুপ্ত—জ্বালানি, ডাক, তার, টেলিফোন, বেসামরিক বিমান চলাচল ও পর্যটন। মিঃ অং শু প্রু চৌধুরী—স্বাস্থ্য, জনসংখ্যা নিয়ন্ত্রণ, শ্রম, জনশক্তি ও সমাজকল্যাণ। চৌধুরী কামাল ইবনে ইউসুফ—ত্রাণ ও পুনর্বাসন। জনাব এ কে ফয়জুল হক—পূর্ত ও নগর উন্নয়ন। জনাব ওলী আহমদ—যুব উন্নয়ন। মিসেস কামরুন্নাহার জাফর—মহিলা বিষয়ক। সৈয়দ মঞ্জুর হোসেন—শিল্প ও বাণিজ্য। খবর বাসস ও এনার।